

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd


স্মারক নং ৪৫.০৩.০০০০. ০০২.০১.০০২.২০- ১০৬

তারিখঃ ১১/০৫/২০২০খ্রিঃ

বিজ্ঞপ্তি

দেশে করোনা ভাইরাস সংক্রমিত রোগীদের অধিক সুরক্ষা ও সেবা প্রদানের লক্ষ্যে অত্র অধিদপ্তর হতে অধ্যয়নরত সকল স্টাফ নার্স/ সিনিয়র স্টাফ নার্সগণের শিক্ষা ছুটি বাতিল করে নিজ নিজ কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান করা হয়। তাদের মধ্যে যারা লকডাউনের কারণে নিজ কর্মস্থলে যোগদান করিতে না পারেননি অন লাইনে অত্র অধিদপ্তরে যোগদান পত্র দাখিল করিলে তাদের বর্তমান অবস্থান/ঠিকানা বিবেচনায় বিভিন্ন হাসপাতাল/স্বাস্থ্যসেবা প্রদানকৃত প্রতিষ্ঠানে সংযুক্তিতে পদায়ন করা হয়।

২। তবে এখন পর্যন্ত যারা নিজ কর্মস্থলে যোগদান করেন নাই কিংবা অত্র অধিদপ্তরে অনলাইনে যোগদানের পরও অধিদপ্তর হতে যোগদানের নির্দেশ পাননি তাদের নাম, পিতার নাম, মোবাইল নম্বর ও বর্তমান অবস্থান উল্লেখ পূর্বক অত্র অধিদপ্তরের ইমেল আইডিতে (dgnm.nursingedu@gmail.com) অবহিত করণের জন্য নির্দেশ প্রদান করা হলো। অন্যথায় পরবর্তীতে যোগদান করেননি মর্মে কারও বিরুদ্ধে কোন তথ্য পাওয়া গেলে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। উল্লেখ্য ক্লাশ শুরু হলে ছাড়পত্র ব্যতিত শিক্ষা প্রতিষ্ঠানে যোগদান করা যাবে না।


মোহাম্মদ আবিদুল হাই পিএএ
(উপসচিব)
পরিচালক (শিক্ষা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
টেলিফোন নং-৯১৩৬৬৭৪